

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(মাঠ প্রশাসন-১)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.২৭.০০১৩.২৬.১৬৪

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২  
০৪ মার্চ ২০২৬

**বিষয়:** নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত সিদ্ধিরগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত কর্তকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

**সূত্র:** মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয় এর ইউ.ও নোট নম্বর: ৩১.০০.০০০০.০০০.০০৮.৬৮.০০০৩.২৬-০৬; তারিখ: ০৪/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অদ্য ০৪/০৩/২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলায় অবস্থিত সিদ্ধিরগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ভূমি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নিম্নলিখিত অনিয়ম লক্ষ্য করেন:

- (ক) কর্মকর্তা ও কর্মচারীদের কেউ যথাসময়ে অফিসে উপস্থিত হয়নি;
- (খ) সেবা গ্রহীতাদের সাথে কথা বলে সেবা প্রদানে হয়রানি তথা দুর্নীতির সুস্পষ্ট অভিযোগ পাওয়া গিয়াছে;
- (গ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা অফিসে রাত ৯:০০ থেকে ১০:০০ ঘটিকা পর্যন্ত অবস্থান করেন এবং গান-বাজনাসহ বিভিন্ন অগ্রহণযোগ্য কর্মকান্ডের সাথে সম্পৃক্ত বলে জানা গেছে;
- (ঘ) সার্বিক সেবার মান সন্তোষজনক নয়; এবং
- (ঙ) ভূমি সেবার ফি সম্বলিত বিলবোর্ড প্রদর্শন করা হয়নি।

**নির্দেশনা:**

- (ক) উপরে উল্লিখিত ভূমি অফিসের কর্মকর্তাগণের বিরুদ্ধে বিধি মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ;
- (খ) এ বিষয়ে প্রত্যেকটি ভূমি অফিসকে সতর্ক করা প্রয়োজন;
- (গ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি)-কে মনিটরিংসহ দুর্নীতিরোধে দৃশ্যমান কার্যক্রম গ্রহণ করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, উপরে উল্লিখিত বিষয়ে জরুরী ভিত্তিতে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং নির্দেশনাসমূহ বাস্তবায়নপূর্বক ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।

**স্বাক্ষরিত**

(মোহাম্মদ সাইফুল ইসলাম)

উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০০১৭২

ই-মেইল: [fa1@minland.gov.bd](mailto:fa1@minland.gov.bd)

জেলা প্রশাসক


নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.২৭.০০১৩.২৬.১৬৪/১(০৭)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২  
০৪ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপসচিব